দৈনিক বাংলা
05 NOV 1988
পৃষ্ঠা ... 1 ... 1

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

076

# প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক হবে ঃ জাফর

(নিজস্ব সংবাদদাতা)

ঈশ্বরদী, ৪ঠা নবেম্বর।—উপ-প্রধানমন্ত্রী ও প্রেসিডেন্টের রাজনৈতিক উপদেষ্টা কাজী জাফর আহমদ বলেন, সরকার পর্যায়ক্রমে ৭ হাজার ৩৫৩টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করবে। তিনি আজ বিকালে

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## জাফর

(১-এর পৃঃ পর)

পাকশীতে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির প্রতিনিধি সম্মেলন-৮৮ আয়োজিত এক সমাবেশে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

তিনি বলেন যে প্রাথমিক শিক্ষাকে বাধ্যতামূলক করা হবে। সরকার দু হাজার সালের মধ্যে সবার জন্য শিক্ষা প্রকল্পও গ্রহণ করেছেন। তিনি বলেন ইতিমধ্যে এক হাজার বেসরকারী প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণ করা হয়েছে। প্রাথমিক বিদ্যালয়ে আগের চেয়ে দ্বিগুণ শিক্ষয়িত্রী নিয়োগ করা হবে।

উপপ্রধানমন্ত্রী বলেন শিক্ষকদের সুবিধার্থে সরকার প্রাথমিক শিক্ষকদের বদলীর আদেশের বিরুদ্ধে আপীল করার সুযোগ দিয়েছেন। এছাড়া অন্যান্য সুবিধা প্রদান করেছেন।

এই সম্মেলনে সারা দেশ থেকে প্রায় দু হাজার প্রতিনিধি অংশগ্রহণ করেন। এতে সভাপতিত্ব করেন প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আবুল কালাম আজাদ।